তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd
----

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১৩.০০০০.০০০.২৬৭.০৫.০০০১.২৫.৫১

**দপ্তরাদেশ নং ০৬-২০২৬**

বিষয়: **কোম্পানির অর্গানোগ্রাম-২০২৪ অনুযায়ী সুষ্ঠুভাবে এবং দ্রুততম সময়ে গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে গ্যাস পাইপলাইন নেটওয়ার্কের পরিকল্পনা প্রণয়ন, পাইপলাইনের নক্সা/প্রাক্কলন প্রস্তুতকরণ এবং মাঠপর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।**

কোম্পানির অর্গানোগ্রাম-২০২৪ অনুযায়ী সুষ্ঠুভাবে এবং দ্রুততম সময়ে গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে **গ্যাস পাইপলাইন নেটওয়ার্কের পরিকল্পনা প্রণয়ন, পাইপলাইনের নক্সা/প্রাক্কলন প্রস্তুতকরণ এবং মাঠপর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন** এর জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

**ক)** সার ও বিদ্যুৎ শ্রেণী ব্যতীত অপরাপর সকল শ্রেণীর গ্রাহকের নতুন গ্যাস সংযোগ ও লোড-বৃদ্ধির বিষয়ে প্ল্যানিং ও অপারেশন ডিভিশনের মতামতের আলোকে অন্যান্য যাবতীয় কার্যক্রম সংশ্লিষ্ট আঞ্চলিক ডিভিশন/ উপব্যবস্থাপনা পরিচালকের অধীন দপ্তরসমূহ সম্পাদন করবে। সার ও বিদ্যুৎ শ্রেণীর ক্ষেত্রে আবশ্যিকভাবে প্ল্যানিং ও অপারেশন ডিভিশনের মাধ্যমে সামগ্রিকভাবে নেটওয়ার্কের সক্ষমতা যাচাই, নক্সা ও প্রাক্কলন প্রস্তুত এবং বাস্তবায়নের কর্মপন্থা গ্রহণ করতে হবে। গ্রাহক আঙিনা ও উৎস লাইন স্থানান্তরসহ সমজাতীয় কাজের পরিকল্পনা ও গ্যাস সরবরাহের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/অপারেশন বিভাগ মতামত প্রদান করবে এবং উক্ত পরিকল্পনা ও মতামতের কপি প্ল্যানিং/উন্নয়ন ডিভিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে ;

**খ)** স্ব-স্ব অধিক্ষেত্রাধীন এলাকার আবাসিক, মিটারযুক্ত আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের সার্ভিস-লাইন/রাইজার সংক্রান্ত সকল কার্যক্রম এবং কোম্পানির বিদ্যমান বা প্রস্তাবিত সকল গ্রাহকের অভ্যন্তরীণ হাউজ-লাইন সংক্রান্ত সকল কাজ সংশ্লিষ্ট বিক্রয় বিভাগ সম্পাদন করবে ;

**গ)** স্ব-স্ব অধিক্ষেত্রে বিদ্যুৎ ও সার গ্রাহক ব্যতীত অন্যান্য গ্রাহকের নতুন গ্যাস সংযোগ, লোড বৃদ্ধি, গ্রাহক আঙিনা ও উৎস লাইন স্থানান্তরসহ সমজাতীয় কাজের জন্য **গ্রাহক ব্যয়ে** নির্মিত বিতরণ লাইন, সার্ভিস লাইন (আবাসিক, মিটারযুক্ত আবাসিক ও বাণিজ্যিক ব্যতীত) ও সংশ্লিষ্ট স্টেশন মডিফিকেশনের (প্রয়োজনে প্ল্যানিং/অপারেশন ডিভিশনের মতামত/ডিজাইন সাপেক্ষে) নকশা ও প্রাক্কলন প্রস্তুতকরণ এবং পাইপলাইন/স্টেশন নির্মাণের মাঠপর্যায়ের কাজ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/কন্সট্রাকশন বিভাগ সম্পাদন করবে ;

**ঘ)** স্ব-স্ব অধিক্ষেত্রে বিদ্যমান নেটওয়ার্কের অপারেশন ও রক্ষণাবেক্ষণের জন্য **কোম্পানি ব্যয়ে** বিতরণ ও সার্ভিস লাইন স্থাপন/স্থানান্তর/প্রতিস্থাপন এবং সংশ্লিষ্ট স্টেশন মডিফিকেশনের (প্রয়োজনে প্ল্যানিং/অপারেশন ডিভিশনের মতামত/ডিজাইন সাপেক্ষে) পরিকল্পনা, নকশা, প্রাক্কলন ও মাঠপর্যায়ের পাইপলাইন/স্টেশন নির্মাণ কাজ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/কন্সট্রাকশন বিভাগ সম্পাদন করবে। তবে, নেটওয়ার্ক সক্ষমতা বৃদ্ধি বা আইসোলেশন কাজের জন্য মূখ্য বিতরণ লাইন স্থাপন অথবা নতুন গ্যাস স্টেশন নির্মাণ প্ল্যানিং ডিভিশনের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত পরিকল্পনা, নকশা ও প্রাক্কলনের ভিত্তিতে আঞ্চলিক কন্সট্রাকশন বিভাগ মাঠপর্যায়ে বাস্তবায়ন করবে;

**ঙ)** সরকারি উন্নয়ন সংস্থার বৃহৎ প্রকল্পের বিপরীতে **ডিপোজিট ওয়ার্ক** এর আওতায় স্ব-স্ব অধিক্ষেত্রে বিদ্যমান বিতরণ ও সার্ভিস লাইন স্থাপন/স্থানান্তর/প্রতিস্থাপনের ক্ষেত্রে প্ল্যানিং ডিভিশনের প্রস্তুতকৃত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী উন্নয়ন ডিভিশনের সংশ্লিষ্ট বিভাগ বাস্তবায়ন করবে। তবে, আঞ্চলিক সিটি কর্পোরেশন/পৌরসভা/আঞ্চলিক যে কোন সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট পাইপলাইন/ভালভ-পিট স্থানান্তরের প্রয়োজন হলে প্ল্যানিং ডিভিশন কিংবা স্ব-স্ব আঞ্চলিক প্ল্যানিং বিভাগের মতামতের আলোকে

এতদবিষয়ে প্রয়োজনীয় নকশা ও প্রাক্কলন প্রস্তুতসহ পাইপলাইন নির্মাণের মাঠপর্যায়ের কাজ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/কন্সট্রাকশন বিভাগ সম্পাদন করবে ;

**চ)** কোম্পানির নতুন এলাকা, ইকোনমিক জোন, বিসিক ও শিল্পাঞ্চলে গ্যাস সরবরাহ অবকাঠামোর পরিকল্পনা, জোন পর্যন্ত মূখ্য বিতরণ লাইন ও ডিআরএস/টিবিএস/সিজিএস/মিটারিং স্টেশনের নকশা ও প্রাক্কলন প্ল্যানিং ডিভিশন প্রস্তুত করবে এবং মাঠপর্যায়ের নির্মাণ কাজ উন্নয়ন ডিভিশন বাস্তবায়ন করবে। অপরদিকে, স্টেশনের আউটলেট হতে অভ্যন্তরীণ বিতরণ নেটওয়ার্ক ও গ্রাহক সার্ভিস লাইনের পরিকল্পনা, নকশা, প্রাক্কলন ও নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/কন্সট্রাকশন বিভাগ সম্পাদন করবে;

**ছ)** উপব্যবস্থাপনা পরিচালকগণের অধীন প্ল্যানিং/কন্সট্রাকশন বিভাগের সম্পাদিত কাজের পরিকল্পনা, নকশা ও প্রাক্কলন প্রস্তুতে কোম্পানির বিদ্যমান মানদণ্ড অনুসরণ করে প্রস্তাবিত নকশা ও জিআইএস (kml/shp) প্রাথমিক তথ্য এবং পাইপলাইন স্থাপনের পর As-Laid নকশার হার্ড ও সফট কপি ও সংশ্লিষ্ট জিআইএস তথ্য প্ল্যানিং/উন্নয়ন ডিভিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

২। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

০৯-০৩-২০২৬
জিয়াউল হাসান
উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)
ফোন : ৫৫০১২৭০৯
ইমেইল : titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.২৬৭.০৫.০০০১.২৫.৫১/১ (১১)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (সাধারণ) - সকল।।
২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।।
৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।।
৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৬। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৮। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
১০। ব্যবস্থাপক (একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এবং
১১। অফিস কপি, ।

০৯-০৩-২০২৬
জিয়াউল হাসান
উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)